দৈনিক ইত্তেফাক

১২/

তারিখ 05 SEP 1988
পৃষ্ঠা ১ কলাম ১

151

# ১১ দফা দাবীতে সংগ্রামী ছাত্রজোটের স্মারকলিপি পেশ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

১১ দফা দাবী আদায়ের লক্ষ্যে সংগ্রামী ছাত্র জোট গতকাল (সোমবার) ঢাকা জেলা প্রশাসকের

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## সংগ্রামী ছাত্রজোট

(১ম পৃ: পর)

কার্যালয়ে স্মারকলিপি পেশ করিয়াছে। এ উপলক্ষে গতকাল ক্যাম্পাসে মিছিল এবং ডিসি অফিসের সামনে ছাত্রসভা অনুষ্ঠিত হয়। আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে সভায় আমান উল্লাহ আমান, সাইফুদ্দিন আহমেদ মনি, লুৎফর রহমান, নাজিমুদ্দিন আলম প্রমুখ বক্তৃতা করেন। শেষে ডিসি অফিসে স্মারকলিপি পেশ করা হয়। স্মারকলিপিতে শিক্ষাঙ্গনে সন্ত্রাস প্রতিরোধ, চাকুরীর বয়সসীমা ৩০ বছর, বর্ধিত ছাত্র বেতন প্রত্যাহার, শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ন্যায্যমূল্যের দোকান প্রতিষ্ঠা, ছাত্রনেতা নীরুসহ আটক সকল ছাত্র বন্দীর মুক্তি, সরকারের পদত্যাগ প্রভৃতি দাবী করা হইয়াছে।